

কৃষি বিতর্কে সেরা বাকুবি

বাকুবি প্রতিদ্বন্দ্বিতা
 দেশের প্রথম কৃষি বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি)। গত শনিবার রাতে প্রতিযোগিতার ফাইনালে ৩-১ ব্যবধানে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়কে হারিয়ে এ গৌরব অর্জন করে বাকুবি। ফাইনাল বিতর্কে সেরা বক্তা হয়েছেন শিহাব সাকিব ঈশান এবং টুর্নামেন্ট সেরা বক্তা হয়েছেন সৈয়দা কাজা খানম।
 বাকুবির হয়ে কৃষি অনুষদের তৃতীয় বর্ষের রাণিব হাসান বর্ষণ, কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের তৃতীয় বর্ষের শিহাব সাকিব ঈশান

এবং কৃষি অনুষদের দ্বিতীয় বর্ষের সৈয়দা কাজা খানম প্রতিযোগিতা করেন। অন্যদিকে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের হয়ে বিতর্ক করেন মাহমুদা আশরাফি, জনন্যা ডালুকদার জেনী ও আনোয়ারুল ইসলাম খোকন।
 শনিবার রাত সাড়ে ৯টার দিকে বাকুবির শিক্ষাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার ভূলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি হোভিসি অধ্যাপক ড. মো. জসিমউদ্দিন খান। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরমাণু কৃষি

গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. আমজাদ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. সজিদমানন্দ দাস চৌধুরী। বাকুবি ডিবেটিং সংঘের সাধারণ সম্পাদক মো. মোর্শেদুল ইসলামের সঞ্চালনায় শুভেচ্ছা বক্তব্য দেন সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামান। প্রতিযোগিতায় বাকুবিসহ কৃষিভিত্তিক সুরকারি ও বেসরকারি মোট ১০টি বিশ্ববিদ্যালয়ের ১২টি দল অংশ নেয়। এ প্রতিযোগিতায় মিডিয়া পার্টনার ছিল কালের কণ্ঠ।

ব্যানবেইস	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং	তারিখ
টিক. পরিসংখ্যান বিভাগ	
ডি. এ. এল. পি. বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি. এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	
স্বাক্ষর	